(১৩) ৺মাধবচন্দ্র চট্টোপাধ্যায় একজন পেন্‌সন্ প্রাপ্ত ইঞ্জিনিয়ার ছিলেন। রাজকর্ম্ম হইতে অবসর গ্রহণ করিয়া মাধব বাবু জীবনের অবশিষ্টকাল বিদ্যাচর্চ্চায় কাটাইয়া গিয়াছেন। গণিত-জ্যোতিষে তাঁহার বিশেষ অভিজ্ঞতা ছিল। দৃগ্‌গণিত ঐক্য করিয়া বাঙ্গালা দেশের পঞ্জিকা-সংস্কার করিবার চেষ্টা তিনিই প্রথম প্রবর্ত্তিত করেন এবং দেশের কতিপয় গণ্যমান্য পণ্ডিত ও জমিদারের সাহায্যে "বিশুদ্ধসিদ্ধান্তপঞ্জিকা" নামে দৃগ্‌গণিতশুদ্ধ পঞ্জিকা প্রকাশ করেন। দশ বারো বৎসরকাল এই পঞ্জিকা প্রকাশিত হইয়াছিল। অনেকে তাঁহার পঞ্জিকা অনুসারে নিত্যনৈমিত্তিক ক্রিয়াকলাপ করিতেন। গণিতজ্যোতিষ বিষয়ে তিনি বাঙ্গালায় অনেক প্রবন্ধ লিখিয়া গিয়াছেন। তিনি বঙ্গীয় সাহিত্য পরিষদের পরিভাষা—সমিতির বিশেষ উপকার করিয়া গিয়াছেন। প্রথম প্রথম 'সাহিত্য-পরিষৎ-পত্রিকায়' তিনি জ্যোতিষিক পরিভাষা রচনায় বিস্তর গবেষণা ও অন্যান্য ব্যক্তির সহিত তদ্বিষয়ে আলোচনায় বিশেষ পাণ্ডিত্য প্রকাশ করিয়া গিয়াছেন। পরিষৎ এজন্য তাঁহার নিকট উপকৃত।

(১৫) ৺রমণীমোহন মল্লিক—নদীয়া মেহেরপুর বৈষ্ণ জমিদারবংশের এই যুবকের অকাল মৃত্যুতে বাঙ্গালা-সাহিত্যের ক্ষতি হইয়াছে। রমণী বাবু বহুচেষ্টায় বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস প্রভৃতি বৈষ্ণব কবিদিগের বহু লুপ্ত পদসংগ্রহ ও পুস্তকাকারে প্রকাশিত করিয়া গিয়াছেন। বাঙ্গালা-সাহিত্যের উন্নতির প্রতি তাঁহার বিশেষ যত্ন ছিল।

(১৬) ৺রমণীমোহন সিংহ—ভাগলপুরের প্রবাসী বাঙ্গালী ব্যক্তিবর্গের মধ্যে এই স্বনামধন্য সদাশয় যুবকের অকাল মৃত্যুতে বাঙ্গালার সমূহ ক্ষতি হইয়াছে বলিতে হইবে। সৎকার্য্যে উৎসাহশীল এরূপ মহোদয় লোক মেলা ভার। উত্তররাঢ়ীয় কায়স্থসমাজ ইঁহা দ্বারা বিশেষরূপে উপকৃত হইতেন। ইনি প্রজাবৎসল জমিদার, স্বজাতিপ্রতিপালক ও স্বশ্রেণীর উন্নতিকামী এবং প্রকৃত দেশহিতৈষী ব্যক্তি ছিলেন। অনেকগুলি সদনুষ্ঠানের উদ্যোগ আয়োজন আরম্ভ করিয়াছিলেন, কিন্তু অকালে কালকবলিত হওয়ায় তাহার কোনটীই কার্য্যে পরিণত হয় নাই। নব গঠিত জাতীয় শিক্ষা পরিষদের প্রস্তাবিত শিক্ষা ব্যবস্থা যাহাতে সফল হয়, তাহার জন্য রমণী বাবুর বিশেষ আগ্রহ ছিল।

(১৮) ৺রায় রোহিণী কুমার চৌধুরী—বরিশাল কীর্ত্তিপাশার এই সাহিত্যসেবী জমীদারের অকালমৃত্যুতে বঙ্গসাহিত্যের ক্ষতি হইয়াছে। শেষ জীবনে ইনি বাখরগঞ্জ জেলার ইতিহাস রচনায়

ব্যাপৃত ছিলেন। রচনা কতটা অগ্রসর হইয়াছিল জানা যায় নাই। ইহার রচিত কয়েকখানি উপন্যাস গ্রন্থ মুদ্রিত হইয়াছে।

(২১) ৺হেমচন্দ্র বসু মল্লিক—কলিকাতা পটলডাঙ্গার সুপ্রসিদ্ধ সম্ভ্রান্তবংশের এই মহাত্মার অকাল মৃত্যুতে বর্ত্তমান জাতীয় অনুষ্ঠান গুলির সমূহ ক্ষতি হইয়াছে। হেম বাবু স্বদেশহিতৈষী সমস্ত সৎকর্ম্মে অগ্রণী, মহানুভব পুরুষ ছিলেন। শেষ জীবনে বাঙ্গালা-সাহিত্যের উন্নতিকল্পে হেম বাবু যেরূপ আয়োজন করিতেছিলেন, সফল হইলে বাঙ্গালার গৌরব অতি শীঘ্র বর্দ্ধিত হইত। দেশের কৃতবিদ্য প্রথিতনামা ব্যক্তিগণ ইহার প্রয়োচনায়, যিনি যে বিষয় অভিজ্ঞ, তিনি সেই বিষয়ে এক একখানি গ্রন্থ লিখিতে প্রস্তুত হইয়াছিলেন।

এতভিন্ন আলোচ্যবর্ষে পরিষদের সভ্য নহেন, অথচ দেশের গণ্যমান্য কয়েকজন সাহিত্য-সেবীর মৃত্যু হইয়াছে।

(১) "বঙ্গবাসীর" স্বত্বাধিকারী ও সম্পাদক ৺যোগীন্দ্রচন্দ্র বসু মহাশয়ের অকালমৃত্যুতে বাঙ্গালাদেশের অশেষ ক্ষতি হইয়াছে। তাঁহার হিন্দুনীতিপ্রিয়তা, ব্রাহ্মণভক্তি, মহানুভবতা, নিন্দাস্তুতিতে অবিচলতা, তীক্ষ্ণ ব্যবসায় বুদ্ধি, প্রকৃত দেশহিতৈষিতা, পরোপকারিতা, আশ্রিত-বাৎসল্য, গোপনদান এবং সাহিত্যপ্রিয়তা, প্রভৃতি অশেষগুণ ছিল। তাঁহাদ্বারাই বাঙ্গালা সংবাদপত্রের ইতিহাসে যুগান্তর প্রবর্ত্তিত হইয়াছে, তাঁহাদ্বারা বিবিধ শাস্ত্র গ্রন্থ, প্রাচীন বাঙ্গালা-সাহিত্য ও দুষ্প্রাপ্য ইংরাজী ইতিহাসাদি অতিমাত্র সুলভমূল্যে প্রচারিত হইয়াছে। এরূপ সুলভ সাহিত্য প্রচারের প্রবর্ত্তকই তিনি। তাঁহার বঙ্গবাসী পত্রিকাদ্বারা এই পঁচিশ বৎসরে বাঙ্গালা-সাহিত্যের যে উন্নতি ও উপকার সাধিত হয়, তাহা বলিয়া শেষ করা যায় না। এরূপ লোকের মৃত্যুতে কেবল বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ কেন সমস্ত বঙ্গদেশ যে শোক সন্তপ্ত হইয়াছে তাহা বলাই বাহুল্য। যোগীন্দ্র বাবু বঙ্গীয়-সাহিত্য-পরিষদের বাঙ্গালা-সাহিত্যসেবীর অকৃত্রিম বন্ধু ছিলেন। ১৩১২ সালের ১৮ ভাদ্র তারিখে মিনার্ভা থিয়েটারে যোগীন্দ্র বাবুর অকাল মৃত্যুতে শোক-প্রকাশার্থ মিনার্ভা থিয়েটারে পরিষদের এক বিশেষ অধিবেশন হইয়াছিল।

(২) ৺প্রতাপচন্দ্র মজুমদার ব্রাহ্মাচার্য্য মহাশয়েরও মৃত্যু হইয়াছে। তিনি বাঙ্গালাভাষায় অনুরাগী ছিলেন এবং তাঁহার প্রণীত দুই চারিখানি বাঙ্গালাগ্রন্থ ও অনেকগুলি ইংরাজী গ্রন্থ আছে। তাঁহার মৃত্যুতে বাঙ্গালী সমাজ একজন ধর্ম্মশীল, সুবক্তা ও সুলেখক হারাইয়াছেন।

(৩) ৺মহামহোপাধ্যায় পণ্ডিত মহেশচন্দ্র ন্যায়রত্ন সি, আই, ই, মহাশয় আলোচ্য বর্ষের শেষ সপ্তাহে পারণত বয়সে পরলোক গমন করিয়াছেন। ন্যায়রত্ন মহাশয়ের মৃত্যুতে পরিষৎ একজন শ্রেষ্ঠ নৈয়ায়িক পণ্ডিতকে হারাইলেন। রাজদ্বারে ন্যায়রত্ন মহাশয়ের বিশেষ প্রতিপত্তি ছিল। বহুবৎসর সংস্কৃত কলেজের অধ্যক্ষতায় এবং টোল চতুষ্পাঠীর পরিদর্শকরূপে তিনি সংস্কৃত শিক্ষা ব্যবস্থার অনেক উন্নতিসাধন করিয়া গিয়াছেন। তিনি অনেক গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। পঞ্জিকা সংস্কারবিষয়ে তাঁহার বিশেষ যত্ন ও চেষ্টা ছিল; এসম্বন্ধে তিনি নিজে

অনেক প্রবন্ধ রচনা করিয়া গিয়াছেন। এসিয়াটিক সোসাইটী হইতে প্রকাশিত অনেক সংস্কৃত গ্রন্থ তিনি সম্পাদন করিয়াছেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষদের প্রতি তাঁহার শ্রদ্ধা ছিল।

(৪) দর্শন শাস্ত্রে বিশেষজ্ঞানী, বহুদার্শনিক গ্রন্থের রচয়িতা ও অনুবাদক মুরশিদাবাদ নিবাসী পণ্ডিত ৺পূর্ণচন্দ্র বেদান্তচুঞ্চু মহাশয়ের পরলোকপ্রাপ্তি হইয়াছে। ইঁহার পরলোক গমনে বঙ্গসাহিত্য বিশেষ ক্ষতিগ্রস্ত হইয়াছে বলিতে হইবে।

এই সকল মৃত মহাত্মগণের জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ বিশেষ দুঃখিত, ইঁহাদের স্নেহ দয়া ও শ্রদ্ধার জন্য এবং বাঙ্গালা-সাহিত্যের হিতকল্পে ইঁহাদের কৃতকার্য্যের জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন।

অধিবেশনাদি,—আলোচ্য বর্ষে পরিষদের (ক) মাসিক অধিবেশন ১০টি ও (খ) বিশেষ অধিবেশন ৭টি হইয়াছিল।

(ক) মাসিক অধিবেশন,—

১ম—২১ জ্যৈষ্ঠ ১৩১২, ১২ জুন ১৯০৫ সোমবার
- (১) বীরকাহিনী বা করিদপুর ইতিহাসের একাংশ — শ্রীযুক্ত আনন্দনাথ রায়
- (২) ৺প্রতাপচন্দ্র মজুমদার — শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল

২য়—৩১শে আষাঢ় ১৩১২, ১৫ জুলাই ১৯০৫ শনিবার,
- গীতা ও বেদান্তদর্শন মতে ব্রহ্মতত্ত্ব — শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্‌এ, বিএল্‌

৩য়—১৪ই শ্রাবণ ১৩১২, ৩০ জুলাই ১৯০৫ রবিবার
- (১) ৺অক্ষয়কুমারদত্তের কথা মাননীয় বিচারপতি — শ্রীযুক্ত সারদাচরণ মিত্র এমএ বিএল
- (২) বাঙ্গালা নামরহস্য — শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী

(৪র্থ) ১৮ ভাদ্র ১৩১২, ৩ সেপ্টেম্বর ১৯০৫ রবিবার
- (বঙ্গব্যবচ্ছেদ উপলক্ষে প্রবন্ধপাঠাদি স্থগিত ছিল) সভার কার্য্য হয় নাই।

ঐ স্থগিত অধিবেশন ১লা আশ্বিন ১৩১২, ১৭ সেপ্টেম্বর ১৯০৫ রবিবার
- (১) জ্যামিতির ইতিহাস — শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বিএ,
- (২) পল্লী ইতিহাস — " যতীন্দ্রমোহন বাগচী বিএ,

৫ম—৩রা অগ্রহায়ণ ১৩১২, ১৯ নভেম্বর ১৯০৫ রবিবার
- ৺দীনবন্ধু মিত্র মাননীয় বিচারপতি — শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, এম্‌এ, বিএল্‌

৬ষ্ঠ—৯ই পৌষ ১৩১২, ২৪ ডিসেম্বর ১৯০৫ রবিবার
- (১) সাংখ্যের লোকায়তবাদ — শ্রীযুক্ত তারকচন্দ্র সাংখ্যসাগর
- (২) বৈদিকতত্ত্ব — " ব্রজলাল মুখোপাধ্যায় এম্‌ এ,

৭ম—৭ই মাঘ ১৩১২, ২০ জানুয়ারী ১৯০৬ রবিবার

পালি ও সংস্কৃতগ্রন্থে রোম নগরের উল্লেখ — মহামহোপাধ্যায় সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ,

৮ম—১৪ই মাঘ ১৩১২, ২৭ জানুয়ারী ১৯০৬ শনিবার

(১) প্রাচীন হিন্দু ও পারসীক জাতির সাদৃশ্য — শ্রীযুক্ত পঞ্চানন বন্দ্যোপাধ্যায় বিএ,

(২) বারাণসীর বৌদ্ধস্তূপ সারনাথে নূতন আবিষ্কার — শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়

৯ম—৬ই ফাল্গুন ১৩১২, ১৮ই ফেব্রুয়ারী ১৯০৬ রবিবার

প্রস্তাবিত জাতীয় শিক্ষায় জাতীয় ভাষা ও সাহিত্যের স্থান — ললিতকুমার বন্দ্যোপাধ্যায়

১০ম—২০ ফাল্গুন ১৩১২, ৪ মার্চ্চ ১৯০৬ রবিবার

(১) কবি দণ্ডী — শ্রীযুক্ত শরচ্চন্দ্র শাস্ত্রী

(২) বৌদ্ধবারাণসী — " রাখালদাস বন্দ্যোপাধ্যায়

(খ) বিশেষ অধিবেশন।

১ম—১৮ই ভাদ্র ১৩১২ ২৬ আগষ্ট ১৯০৫ শনিবার

বঙ্গবাসীর স্বত্বাধিকারী ৺যোগীন্দ্রচন্দ্র বসু মহাশয়ের মৃত্যুতে স্মৃতিসভা।

২য়—১৭ই মাঘ ১৩১২, ৩০ জানুয়ারী ১৯০৬ মঙ্গলবার

আত্মা ও কর্ম্ম — শ্রীযুক্ত তারকচন্দ্র সাংখ্যসাগর

৩য়—২৪ মাঘ ১৩১২, ৬ ফেব্রুয়ারি ১৯০৬ মঙ্গলবার

পদার্থবাদ ও সূক্ষ্মশরীর — "

৪র্থ—১লা ফাল্গুন ১৩১২, ১৩ই ফেব্রুয়ারি ১৯০৬ মঙ্গলবার

অদৃষ্ট ও পুরুষকার — "

৫ম—৮ই ফাল্গুন ১৩১২, ২রা ফেব্রুয়ারী ১৯০৬ মঙ্গলবার

বৃত্তির উৎকর্ষ ও মুক্তি — "

৬ষ্ঠ—১২ই চৈত্র ১৩২২, ২৫ মার্চ্চ ১৯০৬ মঙ্গলবার

তিব্বতের লামা ও তাঁহাদের ধর্ম্ম — রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর সি, আই ই

৭ম—২০ চৈত্র ১৩১২, ৩রা এপ্রেল ১৯০৬ মঙ্গলবার

ছাত্রগণের অভিভাষণ— শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

এই সকল প্রবন্ধের শ্রেণীবিভাগ করিলে দেখা যায় ইতিহাস বিষয়ে তিনটি, প্রত্নতত্ত্ব বিষয়ে পাঁচটি, দর্শন বিষয়ে ছয়টি, ভাষা বিষয়ে তিনটি, সাহিত্যসেবি সম্বন্ধে পাঁচটি, বেদবিষয়ে একটি ও ছাত্রগণের নিমিত্ত একটি প্রবন্ধ পঠিত হইয়াছিল। উপরোক্ত প্রবন্ধ পাঠ ব্যতীত ঐ সকল মাসিক ও বিশেষ অধিবেশনে নিম্নলিখিত বিশেষ বিশেষ কার্য্যগুলি সম্পাদিত হইয়াছিল;—

প্রথম মাসিক অধিবেশনে ৺ব্রাহ্মাচার্য্য প্রতাপচন্দ্র মজুমদার ও ৺মাধবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের মৃত্যুতে শোকপ্রকাশ করা হয়। শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল ৺প্রতাপচন্দ্র সম্বন্ধে একটী প্রবন্ধ পাঠ করেন ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় বিদ্যাপতির কতিপয় নবসংগৃহীত পদ পাঠ করেন। •

দ্বিতীয় মাসিক অধিবেশনে পণ্ডিত শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ মহাশয় তিব্বতের বৌদ্ধবিহার হইতে সংগৃহীত বৌদ্ধতন্ত্রোক্ত চারিখানি রেশমী পট প্রদর্শন ও তাহাদের বিবরণ বিবৃত করেন। এই সভাতেই শ্রীযুক্ত ডাক্তার প্রফুল্লচন্দ্র রায় ডি এস্ সি মহাশয়ের "রসায়ন-শাস্ত্রের উৎপত্তি" এবং শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ বি এল্ মহাশয়ের "গীতায় ঈশ্বরবাদ" নামক গ্রন্থদ্বয় পরিষদ্‌গ্রন্থাবলীভুক্ত হইয়া প্রকাশিত হইবে এই সংবাদ জানান হয় এবং উভয় গ্রন্থকারকে পরিষদের কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

চতুর্থ মাসিক অধিবেশনে ৺লাড্‌লীমোহন ঘোষ মহাশয়ের মৃত্যুতে শোকপ্রকাশ করা হয়।

পঞ্চম মাসিক অধিবেশনে ৺কালীকৃষ্ণ ঠাকুর, ৺অমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ও ৺অক্ষয়কুমার সেন মহাশয়গণের মৃত্যুতে শোক প্রকাশ করা হয় এবং শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর মহাশয় কতকগুলি সংস্কৃত কবিতার স্বকৃত পদ্যানুবাদ পাঠ করেন।

ষষ্ঠ মাসিক অধিবেশনে ৺রমণীমোহন মল্লিক ও ৺পূর্ণচন্দ্র বেদান্তচুঞ্চু মহাশয়ের মৃত্যুতে শোক প্রকাশ করা হয়। কার্য্য-নির্ব্বাহক সমিতির অন্যতম সদস্য শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় কর্ম্মোপলক্ষে কলিকাতা ত্যাগ করিতে বাধ্য হওয়ায় কার্য্যনির্ব্বাহক সমিতিতে তাঁহার স্থান শূন্য হয়। এই অধিবেশনে বঙ্গবাসীর সম্পাদক শ্রীযুক্ত বিহারীলাল সরকার মহাশয় তাঁহার স্থানে কার্য্যনির্ব্বাহকসমিতির সভ্য নির্ব্বাচিত হন। এই অধিবেশনে রঙ্গপুর শাখা সভার কতিপয় মান্যগণ্য সভ্য উপস্থিত ছিলেন।

সপ্তম মাসিক অধিবেশনে ৺অবিনাশচন্দ্র কবিরত্ন মহাশয়ের মৃত্যুতে শোকপ্রকাশ করা হয়। শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয় জনৈক জাপানী চিত্র-বিশারদের অঙ্কিত পাঁচখানি রামায়ণ-চিত্র প্রদর্শন করেন। এই অধিবেশনেই ৺রজনীকান্ত গুপ্ত মহাশয়ের স্মৃতিচিহ্ন স্বরূপ তাঁহার তৈলচিত্র প্রতিষ্ঠিত হয়।

অষ্টম মাসিক অধিবেশনে লালগোলার রাজা শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর কর্ত্তৃক গ্রন্থপ্রকাশার্থে বর্ত্তমান বর্ষের ৩০০৲ টাকা দানের সংবাদ ও তাঁহার প্রতি কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানান হয়। এই অধিবেশনে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় সারনাথের নবাবিষ্কৃত বৌদ্ধকীর্ত্তির ধ্বংসাবশেষের বহু ছায়াচিত্র প্রদর্শন এবং তৎসম্বন্ধে নাম বিবরণ বিবৃত করেন। এই বিবরণ "বৌদ্ধবারাণসী" নামে পত্রিকায় প্রকাশিত হইয়াছে।

দশম মাসিক অধিবেশনে ৺কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্ত্তীর রচিত চণ্ডীকাব্যের কবির স্বহস্ত-লিখিত পুঁথি দামুন্যা হইতে আনীত হইয়া প্রদর্শিত হয়। এই অধিবেশনে ৺হেমচন্দ্র বসু মল্লিক ও ৺আনন্দনাথ সেনের মৃত্যুতে শোকপ্রকাশ করা হয়। এই অধিবেশনে কবিকঙ্কণের

বংশধর শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় কবিকঙ্কণের ইষ্টদেবতার মন্দির রক্ষার জন্য সমগ্র বাঙ্গালী জাতির নিকট সাহায্য প্রার্থনা করিয়া পরিষদে একখানি আবেদন পত্র উপস্থিত করেন। পরিশিষ্টে উহা মুদ্রিত হইল। [সহৃদয় পাঠকবর্গ এবং বাঙ্গালী সাহিত্যসেবিগণ বাঙ্গালীর জাতীয়কীর্ত্তি রক্ষা করিবার জন্য যথাসাধ্য সাহায্য করিলে জাতীয় গৌরব বর্দ্ধিত হইবে]

বিশেষ অধিবেশনগুলির মধ্যে কয়েকটীর নির্দ্দিষ্ট বিশেষ বিশেষ কার্য্য ব্যতীত আরও কোন কোন কার্য্য করা হইয়াছিল :—ষষ্ঠ বিশেষ অধিবেশনে ৺রমণীমোহন সিংহ, ৺কুমার দক্ষিণেশ্বর মালিয়া, ৺বীরেন্দ্রদেব রায় মহাশয়, ৺কৃষ্ণধন মুখোপাধ্যায় প্রভৃতির মৃত্যুতে শোক প্রকাশ করা হয়। এই অধিবেশনে রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর সি,আই,ই, মহাশয় তিব্বতের টাসিলানপো নগরের বৌদ্ধবিহারের মানচিত্র বৃহৎ পট ও শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর লাসা নগরের ডালাই লামার প্রাসাদের ছবি প্রদর্শন করেন।

সপ্তম বিশেষ অধিবেশন মিনার্ভা থিয়েটারে হইয়াছিল। শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর সভাপতি হইয়াছিলেন। সহস্রাধিক ছাত্র সমবেত হইয়াছিল, গতবর্ষের ন্যায় এবৎসরেও অবকাশ-কাল সাহিত্যচর্চ্চায় ক্ষেপণ করিতে ছাত্রবর্গকে উপদেশ দেওয়া হয়। এ বৎসরেও শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত পূর্ণচন্দ্র বসু ও শ্রীযুক্ত জানকীনাথ বসু প্রভৃতি সুগায়কেরা সময়োচিত সঙ্গীতে ছাত্রগণের প্রীতিসাধন করিয়াছিলেন।

কর্ম্মচারিগণ,—একাদশ বার্ষিক অধিবেশনে নিম্নলিখিত ব্যক্তিগণ পরিষদের কার্য্য পরিচালনে নিযুক্ত হইয়াছিলেন,—

মাননীয় বিচারপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র, এম্ এ, বি এল্ (সভাপতি)

„ „ „ আশুতোষ মুখোপাধ্যায় এম্ এ, ডি এল্
মহামহোপাধ্যায় „ চন্দ্রকান্ত তর্কালঙ্কার
„ রবীন্দ্রনাথ ঠাকুর
} সহকারি-সভাপতিত্রয়

শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম্ এ, (সম্পাদক)

„ ব্যোমকেশ মুস্তফী
„ মন্মথমোহন বসু, বি, এ
„ কিশোরীমোহন সিংহ
} সহকারী-সম্পাদক

„ নগেন্দ্রনাথ বসু—পত্রিকা-সম্পাদক।
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী, এম্ এ, বি, এল্—ধন-রক্ষক।
„ অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ—গ্রন্থ-রক্ষক।
„ মন্মথমোহন বসু বিএ—ছাত্র-পরিদর্শক।

„ গৌরীশঙ্কর দে, এম্ এ, বি এল্
ললিতচন্দ্র মিত্র এম্ এ,
} আয়-ব্যয়-পরীক্ষক

আলোচ্যবর্ষের প্রথম হইতেই শ্রীযুক্ত কিশোরীমোহন সিংহ অন্যতম সহকারি-সম্পাদকের কার্য্য-ভার গ্রহণ করায় স্বতন্ত্র লেখকের প্রয়োজনীয়তা কিছুদিন হয় নাই, কেবল প্রুফরিডারের কার্য্যে পণ্ডিত কৃত্তিবাস কাব্যতীর্থ কার্য্য করিতেছিলেন। তৎপরে গত আশ্বিন মাসে শ্রীযুক্ত কিশোরীমোহন সিংহ মহাশয় ছুটি লওয়ায় তাঁহার ত্যক্ত সহকারি-সম্পাদকের পদে আর লোক না লইয়া শ্রীযুক্ত রামকমল সিংহকে লেখক পদে নিযুক্ত করা হয়। কিশোরী বাবু তৎপরে পদত্যাগ করায় তাঁহার ত্যক্ত সহকারি-সম্পাদকের পদ এখনও শূন্য আছে।

কার্য্যনির্ব্বাহক-সমিতি,—আলোচ্যবর্ষে এই সমিতিতে যাঁহারা নির্ব্বাচিত ও মনোনীত সদস্য ছিলেন, তাঁহাদের নাম,—

(ক) নির্ব্বাচিত সদস্যগণ,—

১। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, এম্ এ, বি এল,
২। „ সুরেশচন্দ্র সমাজপতি,
৩। „ সতীশচন্দ্র বিদ্যাভূষণ, এম এ,
৪। „ নগেন্দ্রনাথ গুপ্ত,
৫। „ রায় বৈকুণ্ঠনাথ বসু বাহাদুর,
৬। „ ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, এম্ এ,
৭। „ শৈলেশচন্দ্র মজুমদার,
৮। „ হেমচন্দ্র দাস গুপ্ত, এম্ এ, এম্ আর এ এস্,

(খ) মনোনীত সদস্যগণ,—

১। শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর,
২। „ কুমার শরৎকুমার রায় এম্ এ,
৩। „ অমৃতকৃষ্ণ মল্লিক, বি এল্
৪। „ নিখিলনাথ রায় বি এল্।

এতদ্ভিন্ন আয়-ব্যয়-পরীক্ষকদ্বয় ব্যতীত পরিষদের অন্যান্য কর্ম্মচারী সকলেই এই সমিতির সদস্য মধ্যে গণ্য ছিলেন।

আলোচ্যবর্ষে এই সমিতির বহু অধিবেশন হইয়াছিল। এই সকল অধিবেশনে পরিষদের নির্দ্দিষ্ট কার্য্য-ব্যতীত যে সকল বিশেষ বিশেষ কার্য্যের ব্যবস্থা করা হয়, তাহা নিম্নে উল্লিখিত হইল,—

প্রথম অধিবেশনে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় জানাইয়াছিলেন যে "প্রাদেশিক সাহিত্য-সমিতিগুলিকে পত্রাদি লিখিয়া ক্রমশঃ পরিষদের সহিত ঘনিষ্ঠ-বন্ধনে বাঁধিবার চেষ্টা করা যাইতেছে। চেষ্টা করিলে দু' একটিকে শাখাসভায় পরিণত করা যাইতে পারে।" অতঃপর তিনি ভাগলপুর, বরিশাল, নারায়ণগঞ্জ প্রভৃতি স্থানের বর্ত্তমান সাহিত্য-সমিতির পত্রগুলি পড়িয়া

শুনাইয়া আরও বলেন, ১৩০৮ সালে তিনি এইরূপ প্রস্তাব করেন, তাহা তখন স্থগিত করা হয়। এই প্রস্তাবের পর ব্যোমকেশ বাবুর প্রতি এই অধিবেশনে শাখা-সভা স্থাপনের উদ্দেশ্যে পত্রাদি লিখিবার ও নিয়মাদি পাঠাইবার ভার দেওয়া হয়।

দ্বিতীয় অধিবেশনে শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয় প্রস্তাব করেন যে, ত্রৈমাসিক আয়ব্যয় বিবরণ প্রস্তুত ও আয়ব্যয়-পরীক্ষকদিগেরদ্বারা পরীক্ষা করাইয়া কার্য্যনির্ব্বাহক সমিতির অধিবেশনে উপস্থিত করা হউক। শ্রীযুক্ত মন্মথমোহন বসু মহাশয়ের সমর্থনে ও সর্ব্বসম্মতি-ক্রমে এই প্রস্তাব গৃহীত হয়।

☞ নানাকারণে আলোচ্যবর্ষে এই প্রস্তাব অনুসারে কার্য্য করা হয় নাই। বর্ষশেষে এই প্রস্তাব পুনরুত্থাপিত ও গৃহীত হইয়াছে। আশা করা যায়, ১৩১৩ বঙ্গাব্দ হইতে এই নিয়মে কার্য্য করিতে পারা যাইবে।

এই অধিবেশনে শ্রীযুক্ত হেমচন্দ্র দাস গুপ্ত মহাশয় পরিষদের পক্ষ হইতে টেক্‌ষ্ট বুক কমিটিতে একজন সদস্য যাহাতে নির্ব্বাচিত হন, তাহার ব্যবস্থা করিবার প্রস্তাব করেন। স্থির হয়,—হীরেন্দ্রবাবু নিখিলবাবু, মন্মথবাবু, সুরেশবাবু ও হেমবাবুকে লইয়া টেক্‌ষ্টবুককমিটির অনুমোদিত পাঠ্য পুস্তকগুলির আলোচনা করিবার জন্য একটি সমিতি গঠিত হয়। এই সমিতির কার্য্যবিবরণ পাইলে হেমবাবুর মূল প্রস্তাব পুনরায় বিবেচিত হইবে।

☞ নানাকারণে এই সমিতি আলোচ্যবর্ষে টেক্‌ষ্টবুক কমিটির পুস্তকাদি আলোচনা করিবার অবসর পান নাই, কাজেই কোন কার্য্যই অগ্রসর হয় নাই।

বরাহনগরের শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয় প্রস্তাব করেন যে বাঙ্গালী হিন্দু ও মুসলমানের মধ্যে প্রীতিবর্দ্ধন কিরূপে হইতে পারে, তৎসম্বন্ধে প্রবন্ধ লেখককে ৫০৲ টাকা পারিতোষিক দিতে তিনি প্রস্তুত আছেন। এই অধিবেশনে এই প্রস্তাব স্থগিত ছিল।

তৃতীয় অধিবেশনে ছাত্রসভ্যগণের প্রতি যেরূপ কার্য্যের ভার অর্পিত হইয়াছে ও তাঁহারা যেরূপ উৎসাহ এবং আগ্রহ সহকারে ভার লইয়াছেন, তাহার বিবরণ ছাত্রগণের পরিদর্শক শ্রীযুক্ত মন্মথমোহন বসু মহাশয় জানাইলে তাহা আশাপ্রদ বলিয়া বিবেচিত হইল।

চতুর্থ অধিবেশনে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় প্রস্তাব করেন, নূতন আইন অনুসারে বিশ্ববিদ্যালয়ের বিধি পরিবর্ত্তন হইতেছে, এ সময়ে বাঙ্গালা ভাষা সম্বন্ধে পরিষদের কর্ত্তব্য নিরূপিত হউক। রামেন্দ্র বাবু কোন সাধারণ অধিবেশনে এজন্য একটী শাখা-সমিতি-গঠনের প্রস্তাব করায়, তাহাই হইবে বলিয়া অবধারিত হয়।

[☞ এই শাখাসমিতি গঠিত হইয়াছিল, কিন্তু অবস্থা বিবেচনায় তাহার কোন কার্য্য আবশ্যক হয় নাই।]

পূর্ব্ব অধিবেশনে উত্থাপিত শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রস্তাব এই অধিবেশনে গৃহীত হয়।

ডাক্তার শ্রীযুক্ত রাধাগোবিন্দ কর মহাশয়ের সঙ্কলিত চিকিৎসাশাস্ত্রের পারিভাষিক অভিধানের যে আদর্শ প্রাপ্ত হওয়া গিয়াছে, তাহাই সুপ্রণালীসঙ্গত হইয়াছে কি না দেখিবার জন্য এই অধিবেশনে পরিভাষা-সমিতির সম্পাদকের হস্তে অর্পিত হয়।

পঞ্চম অধিবেশনে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় প্রস্তাব করেন, পরিষদের বার্ষিক অধিবেশন বাঙ্গালাদেশের নানাস্থানে করা হউক এবং বাঙ্গালাদেশের নানাস্থানে বিশেষতঃ প্রত্যেক জেলায় একটি করিয়া পরিষদের শাখা স্থাপনের জন্য উপযুক্ত বেতন দিয়া একজন কর্ম্মচারী নিযুক্ত করা হউক। এই কর্ম্মচারী নানাস্থানে ঘুরিয়া পরিষদের উদ্দেশ্য প্রচার ও শাখাসভা-স্থাপনের চেষ্টা করিবেন। প্রস্তাব গৃহীত হইয়াছে এবং উপযুক্ত ব্যবস্থার ভার সম্পাদকের প্রতি ন্যস্ত আছে। ভাগলপুরের শাখাসভার সহকারী সভাপতি শ্রীযুক্ত হরেন্দ্রলাল রায় মহাশয়ও রবীন্দ্রবাবুর প্রস্তাবের অনুরূপ প্রস্তাব করিয়া পত্র লিখিয়াছিলেন। রবীন্দ্রবাবুর প্রস্তাবের সহিত হরেন্দ্রবাবুর প্রস্তাবেরও একই রূপ মীমাংসা হইয়াছে।

এই অধিবেশনেই শ্রীযুক্ত যতীন্দ্রমোহন রায় প্রস্তাব করেন যে, পরিষৎ হইতে প্রতি তিন মাস অন্তর বাঙ্গালার নূতন গ্রন্থসমূহের মধ্যে পাঠোপযোগী গ্রন্থের একটা তালিকা মফস্বলের লোকের সুবিধার্থ প্রকাশ করা হউক। স্থির হয়, নূতন গ্রন্থের পাঠ্য-অপাঠ্য ভেদ নির্দ্দেশ করার অধিকার পরিষদের নাই।

সপ্তম অধিবেশনে মৌলবী ওয়াহেদ হোসেন বি, এল্ মহাশয় হিন্দুমুসলমানের প্রীতিবর্দ্ধনের জন্য কতকগুলা প্রস্তাব করিয়াছিলেন। স্থির হয়, পরীক্ষায় জন্য গল্পসভার ন্যায় একটা সভা করা হউক; একটু গানবাজনা ও পানতামাকু রাখা হইবে। মৌলবী সাহেবের সহিত পরামর্শ করিয়া উপযুক্ত সময়ে ইহার আলোচনা করা যাইবে।

[☞ নানা কারণে আলোচ্য বর্ষে এইরূপ গল্পসভার অনুষ্ঠান করা সম্ভবপর হয় নাই।]

এই অধিবেশনে শ্রীযুক্ত মন্মথমোহন বসু মহাশয় প্রস্তাব করেন, "পরিষৎ হইতে বিজ্ঞান-দর্শন ইতিহাসাদি বিভিন্ন বিদ্যাসম্বন্ধে বাঙ্গালাভাষায় সাধারণভাবে বক্তৃতার প্রথা প্রবর্ত্তিত হউক।" স্থির হইল, রবীন্দ্রবাবু, দীনেশবাবু, নগেন্দ্রবাবু প্রভৃতির সহিত পরামর্শ করিয়া কর্ত্তব্য স্থির করা হইবে।

[☞ এই প্রস্তাব অনুসারে দীনেশবাবু ও নগেন্দ্রবাবুর সহিত পরামর্শ করায় স্থির হয়, দীনেশবাবু বাঙ্গালাভাষা ও সাহিত্য-বিষয়ে এবং নগেন্দ্রবাবু বাঙ্গালার পুরাতত্ত্ব সম্বন্ধে ধারাবাহিক বক্তৃতা করিতে প্রস্তুত আছেন। এই প্রস্তাব অনুসারেই মাঘমাসের শেষে পণ্ডিত শ্রীযুক্ত তারকচন্দ্র সাংখ্যসাগরের সাংখ্যবিষয়ক বক্তৃতামালার ব্যবস্থা হইয়াছিল।]

এই অধিবেশনে শ্রীযুক্ত অমৃতলাল বসু মহাশয় প্রস্তাব করেন, "বাঙ্গালাভাষায় এখন অনেক উত্তমোত্তম বক্তৃতা ও আলোচনা হইয়া থাকে, সেগুলি রক্ষা করিবার জন্য সংক্ষিপ্ত সঙ্কেতলিপি সৃষ্টি করিতে পরিষদের চেষ্টা করা উচিত।" স্থির হয়, শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর ও শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ সিংহ মহাশয়ের সহিত পরামর্শ করিতে হইবে।

ত্রয়োদশ অধিবেশনে আগামী বর্ষের কর্ম্মচারি-নিয়োগের পরামর্শকালে স্থির হইল, তৃতীয় সহকারি-সম্পাদক-নিয়োগ আপাততঃ স্থগিত থাকিবে। এই অধিবেশনে ছুটিপ্রাপ্ত সহকারী সম্পাদক শ্রীযুক্ত কিশোরীমোহন সিংহের পদত্যাগ-পত্র গৃহীত হইয়াছিল।

এই অধিবেশনেই পরিষদের স্থায়ী পাঁচটি শাখা-সমিতির কার্য্যসম্বন্ধে আলোচনা হইলে

স্থির হইল, এই গুলিকে কার্য্যকরী করিতে হইলে ইহাদের পুনর্গঠন আবশ্যক। পরিভাষা-সমিতি, ভাষাবিজ্ঞান-সমিতি ও শব্দ-সমিতি একত্র করিয়া একটা করা হউক। শ্রীযুক্ত হেমচন্দ্র দাসগুপ্ত মহাশয়ের প্রতি ইহাদের পুনর্গঠন ও তদুচিত বিধিব্যবস্থার খসড়া করিবার ভার অর্পিত হইল। ঐরূপ গ্রন্থপ্রকাশ-সমিতি ও গ্রন্থরচনা-সমিতি একত্র করিয়া আর একটি শাখা-সমিতি করা হউক। উহার নিয়মাদিগঠনের ভার সুরেশবাবু ও নগেন্দ্রবাবুর হস্তে অর্পিত হইয়াছে।

[☞ ইঁহারা কেহই খসড়াদি প্রস্তুত করিতে অবসর পান নাই। শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয় দুইটি শাখারই পরিবর্ত্তন উপযোগী নিয়মাদির খসড়া প্রস্তুত করিয়া কার্য্যনির্ব্বাহক-সমিতির ষোড়শ অধিবেশনে উপস্থিত করিয়াছিলেন।]

চতুর্দ্দশ অধিবেশনে শ্রীযুক্ত মন্মথমোহন বসু মহাশয় ত্রৈমাসিক আয়-ব্যয়-পরীক্ষা করাইবার প্রস্তাব পুনরুত্থাপিত করেন এবং তাহা পরিগৃহীত হয়।

এই অধিবেশনেই ৪৫ জন সভ্য বরিশালের সাহিত্য-সম্মিলনে পরিষদের প্রতিনিধি নির্ব্বাচিত হন। ("ছ" পরিশিষ্ট)

ষোড়শ অধিবেশনে শাখাসমিতির পুনর্গঠন প্রস্তাব উপস্থাপিত করা হয়। আলোচনায় স্থির হয়, পুনর্গঠন-উদ্দেশ্যে সম্পাদক কর্ত্তৃক নির্দ্দিষ্ট দিনে এই সকল শাখাসমিতির বর্ত্তমান সভ্যদিগকে আহ্বান এবং তাঁহাদের সম্মতিক্রমে নূতন ভাষাবিজ্ঞানসমিতির এবং নূতন গ্রন্থ-প্রকাশ-সমিতির স্বতন্ত্র সম্পাদক ও সভাপতি নির্ব্বাচন করিবেন।

এই অধিবেশনে রঙ্গপুর শাখা সভার সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী ও রাজসাহীর সাহিত্যসমিতি-সম্পাদক শ্রীযুক্ত শশধর রায় মহাশয় বরিশালের স্থগিত সাহিত্য-সম্মিলনকে আষাঢ় মাসের কোনদিনে রঙ্গপুরে আহূত করিবার ব্যবস্থা করিতে পরিষদে প্রস্তাব করেন। বিষয়ের গুরুত্ব বিবেচনায় ইহার আলোচনা এই অধিবেশনে স্থগিত রহিল।

সপ্তদশ অধিবেশনে ১৩১৩ সালের কার্য্যনির্ব্বাহকসমিতির জন্য চারিজন সভ্য মনোনীত করা হয়

কলিকাতার মুসলমান প্রাদেশিক-শিক্ষাসমিতির তৃতীয় অধিবেশনে নিম্নলিখিত ব্যক্তিগণ প্রতিনিধি নির্ব্বাচিত হন,—

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্ এ, শ্রীযুক্ত হেমচন্দ্র দাস গুপ্ত এম্ এ, শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি এ, শ্রীযুক্ত অমৃতলাল বসু ও শ্রীযুক্ত মন্মথমোহন বসু বি, এ।

[☞ কার্য্যনির্ব্বাহক-সমিতির নির্দ্দিষ্ট যে সকল বিশেষ বিশেষ কার্য্য করিবার সুযোগ এ বৎসর ঘটে নাই, তাহার নানা কারণ মধ্যে স্বদেশী-আন্দোলন একটি প্রধান কারণ।]

সাহিত্য-পরিষৎ-পত্রিকা—দ্বাদশবর্ষে সাহিত্য-পরিষৎ-পত্রিকার ৩য় সংখ্যা প্রকাশিত হইয়াছে। চতুর্থ সংখ্যা যন্ত্রস্থ। এবার পত্রিকায় প্রকাশিত প্রবন্ধসমূহের মধ্যে ভাষাতত্ত্ব-সংক্রান্ত প্রবন্ধেরই প্রাধান্য আছে।

প্রাচীন-গ্রন্থাবলী—পরিষদের পুরাতন নিয়মে প্রকাশিত প্রাচীন গ্রন্থাবলীর মধ্যে কৃষ্ণপ্রেমতরঙ্গিণী ৪২০ পৃষ্ঠায় ছাপা শেষ হইয়াছে। ছুটিখাঁর মহাভারতও ছাপা শেষ হইয়া গিয়াছে। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয়ের লিখিত ধর্ম্মমঙ্গলের ভূমিকা ও দুর্গামঙ্গল ছাপা চলিতেছে।

নূতন নিয়মানুসারে লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের সাহায্যে আলোচ্যবর্ষে ৩২৪ পৃষ্ঠা পরিমিত "ব্রজ-পরিক্রমা" গ্রন্থ মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। বিদ্যাপতির পদাবলীরও ছাপা চলিতেছে। কাশীরাম দাসের মহাভারত এবং কবিকঙ্কণ-চণ্ডীর পুথি হইতে প্রতিলিপি প্রস্তুত হইতেছে। কাশীরাম দাসের মহাভারতের ও কৃত্তিবাসের রামায়ণের সুপ্রাচীন পুথি সংগ্রহের জন্য পরিষদ্ হইতে লোক নিযুক্ত করা হইয়াছে। কতক কতক পুথি পাওয়াও গিয়াছে। কবিকঙ্কণের চণ্ডীর জন্য দামুন্যা হইতে কবিকঙ্কণের স্বহস্তলিখিত পুথি সংগৃহীত হইয়াছে। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশয়ের তত্ত্বাবধানে এই পুথি হইতে প্রতিলিপি প্রস্তুত হইতেছে। দিঘাপাতিয়ার কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্ এ মহাশয় ও শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্এ মহাশয়ের যত্নে ও চেষ্টায় এবং শ্রীযুক্ত কেদারনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের মধ্যস্থতায় দামুন্যানিবাসী কবিকঙ্কণের বংশধর শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয়ের নিকট হইতে এই পুথি সংগৃহীত হইয়াছে। পুথিখানি মুকুন্দরামের স্থাপিত ৺সিংহবাহিনী দেবীর মন্দিরে পুজিত হইয়া থাকে। পুথিখানি তেরেট পাতায় লিখিত। তেরেট পাতায় লেখা বাঙ্গলা পুথি দেখা যায় নাই। ইহাও পুথিখানির প্রাচীনত্বের একটি নিদর্শন। এই পুথির মধ্যে ১০৪৭ সালে লিখিত একখানি দলিল পাওয়া গিয়াছে। উহা কবিকঙ্কণের পুত্র শিবরাম চক্রবর্ত্তীর নামে ভূমিদানের দলিল। তদ্ভিন্ন এই পুথিখানির নানাস্থানে যে ভাবে সংশোধন আছে, তাহা দেখিলে গ্রন্থকারের নিজকৃত সংশোধন ব্যতীত পুথির নকলকারকের সংশোধন বলিয়া কোন ক্রমেই বিশ্বাস করা যায় না। প্রচুর অর্থ বিনিময়েও কবির বংশধরেরা এখানি হস্তান্তর করিতে প্রস্তুত নহেন। কাজেই পরিষদের ঐকান্তিক ইচ্ছাসত্ত্বেও বাঙ্গালাভাষার এই অমূল্য গ্রন্থখানিকে পরিষদে রক্ষা করিতে পারা গেল না। কবিকঙ্কণের ইষ্টদেবী ৺সিংহবাহিনীর মন্দির এক সময়ে দামোদরের বন্যায় প্লাবিত হয় এবং সেই বন্যায় প্রতিমা ও চণ্ডীর পুথিখানি ভাসিয়া যায়। সৌভাগ্যক্রমে এই উভয় বস্তুই দৈবকৃপায় রক্ষা পাইয়াছিল। বাঙ্গালার প্রাচীন সাহিত্যের ইতিহাসলেখক শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি, এ, মহাশয়ের সম্পাদকতায় এই কবিকঙ্কণের চণ্ডী প্রকাশিত হইবে।

রামকৃষ্ণ আদকের অনাদিমঙ্গলের পাঠোদ্ধার ও প্রতিলিপি প্রস্তুত হইয়া গিয়াছে। বর্ত্তমান ১৩১৩ সালে গ্রন্থপ্রকাশ-সমিতি ইহার প্রকাশব্যবস্থা করিতে পারেন।

প্রাচীন গ্রন্থাবলী প্রকাশের জন্য দান ও গ্রন্থপ্রকাশ—আলোচ্য বর্ষেও লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর গতবর্ষের ন্যায় ৩০০৲ টাকা দান করিয়াছেন। এই দানের জন্য পরিষদ্ তাঁহার নিকট চিরকৃতজ্ঞ রহিলেন।

শাখাসমিতি,—আলোচ্য বর্ষে পরিষদের চারিটী স্থায়ী শাখাসমিতির কোনটীরই অধিবেশন হয় নাই। এই সমিতিগুলি দ্বারা আশানুরূপ কার্য্য হইতেছে না, তজ্জন্য ইহার পুনর্গঠন প্রস্তাব উত্থাপিত হইয়াছে।

১৩০৬ সালের ২৬শে চৈত্রের মাসিক অধিবেশনে যে যে কারণে শাখা-সমিতিগুলির পুনর্গঠন আবশ্যক বলিয়া বিবেচিত হইয়াছিল এবং উহা বর্ত্তমান আকারে পুনর্গঠিত হইয়াছিল, ১৩১২ সালের চৈত্রমাসে অর্থাৎ আবার ছয় বৎসর পরে দেখা গেল যে, সেই সেই কারণে ছয় বৎসর পরেও সেই পুনর্গঠন সমিতি কার্য্যকরী অবস্থা প্রাপ্ত হয় নাই; অতএব এগুলিকে কার্য্যকরী করিতে হইলে, পুনরায় ভাঙ্গিয়া গড়া আবশ্যক। গত ৫ই চৈত্রের কার্য্যনির্ব্বাহক সমিতিতে শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী সম্পাদক মহাশয় এ সম্বন্ধে পুনর্গঠনের প্রস্তাব উত্থাপন করিলে স্থির হয়, পরিভাষা-সমিতি, ভাষা-বিজ্ঞান-সমিতি ও শব্দ-সমিতি এই তিনটিকে একত্র করিয়া একটা করা হউক এবং শ্রীযুক্ত হেমচন্দ্রদাস গুপ্ত এম্‌.এ, এম্‌, আর, এ, এস্‌ মহাশয়ের প্রতি তদুচিত বিধিব্যবস্থার খসড়া করিবার ভার অর্পিত হয়। ঐরূপ গ্রন্থপ্রকাশ-সমিতি ও গ্রন্থরচনা-সমিতিকে একত্র করিয়া একটা করা হউক এবং উহার নিয়মাদি গঠনের ভার শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয় ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের হস্তে অর্পিত হয়। এই দুই খসড়ার বিধি-ব্যবস্থা ৫ই চৈত্রের পরবর্ত্তী কার্য্য-নির্ব্বাহক সমিতিতে উপস্থাপিত করিবার কথা ছিল, কিন্তু তাহা ঘটিয়া উঠে নাই। গত ২৪ বৈশাখের কার্য্য-নির্ব্বাহক সমিতিতে শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের প্রস্তাবে এবং শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের সমর্থনে ও সমগ্র সভার অনুমোদনে নিম্নলিখিত প্রস্তাব গৃহীত হইয়াছে,—

প্রথম প্রস্তাব—পরিভাষাসমিতি, ভাষাবিজ্ঞান সমিতি ও শব্দ-সমিতি এই তিনটিকে একত্র করিয়া "ভাষা-বিজ্ঞান-সমিতি" নামে একটী এবং গ্রন্থপ্রকাশ-সমিতি ও গ্রন্থরচনা-সমিতি এই দুইটীকে একত্র করিয়া "গ্রন্থপ্রকাশ-সমিতি" নামে একটী, এই দুইটী মাত্র স্থায়ী শাখা-সমিতি পুনর্গঠিত করা হউক। দ্বিতীয় প্রস্তাব,—এই উদ্দেশ্যে সম্পাদক নির্দ্দিষ্ট দিনে ভাষা-বিজ্ঞানসমিতি, পরিভাষা-সমিতি ও শব্দ-সমিতির বর্ত্তমান সদস্যদিগকে আহ্বান করিবেন এবং তাঁহাদের সম্মতিক্রমে নূতন ভাষা-বিজ্ঞানসমিতি ও ঐরূপে আর একদিন গ্রন্থপ্রকাশ-সমিতি এবং গ্রন্থরচনাসমিতি একত্র করিয়া নূতন গ্রন্থপ্রকাশ-সমিতি গঠিত করিবেন এবং উভয় সমিতির স্বতন্ত্র স্বতন্ত্র সম্পাদক ও সভাপতি নির্ব্বাচন করিবেন।

গ্রন্থরচনা সমিতি—বিবিধ শাস্ত্রে সদ্‌গ্রন্থপ্রকাশের জন্য পরিষদের গ্রন্থরচনা সমিতি গঠিত হইয়াছিল, কিন্তু এ পর্য্যন্ত তাহার বিশেষ কার্য্য হয় নাই। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদি-কৃত "ঐতরেয় ব্রাহ্মণের" অনুবাদ, ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়ের রচিত "রসায়ন শাস্ত্রের উৎপত্তি", শ্রীযুক্ত নিখিলনাথ রায়ের সম্পাদিত "প্রতাপাদিত্য-চরিত" পরিষৎ কর্ত্তৃক প্রকাশিত হইবে, ইহা ইতঃপূর্ব্বেই বিজ্ঞাপিত হইয়াছে। আলোচ্য বর্ষে শ্রীযুক্ত আনন্দনাথ রায় মহাশয় তাঁহার

"বারোভূঞার ইতিহাস" পরিষদ্ গ্রন্থাবলীভুক্ত করিয়া প্রকাশে সম্মত হইয়াছেন, এবং শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের রচিত "গীতায় ঈশ্বরবাদ" নামক গ্রন্থ পরিষৎ-কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। আশা করা যায়, বর্ত্তমান ১৩১৩ সালে পরিষৎ অপর বিজ্ঞাপিত পুস্তকগুলি প্রকাশে সমর্থ হইবেন।

শব্দ-সমিতি—এই সমিতির চেষ্টায় নানারূপ শব্দ সংগৃহীত হইয়াছে। পরিষৎ-পত্রিকায় তাহার কতকগুলি প্রকাশিত হইয়াছে। এই সমিতির কার্য্যে শ্রীযুক্ত রাজকুমার বেদতীর্থের গ্রাম্য-শব্দ-সঙ্কলন সাহায্য করিবে। তিনি পুনঃ পুনঃ পত্রাদি লিখিয়া বাঙ্গালার নানা প্রদেশ হইতে প্রাদেশিক শব্দসমূহ সংগ্রহ করিতেছেন।

গ্রন্থপ্রকাশ সমিতি—এই সমিতি দ্বারা "ব্রজ-পরিক্রমা", "কৃষ্ণ-প্রেম-তরঙ্গিণী" ও "ছুটিখানের মহাভারত" এবার সম্পূর্ণ প্রকাশ হইয়াছে।

ভাষাবিজ্ঞান-সমিতি—ইহার সদস্যেরা মধ্যে মধ্যে বাঙ্গালা-ব্যাকরণ সম্বন্ধে দুএকটী প্রবন্ধ প্রকাশ করিয়াছেন।

গৃহনির্ম্মাণ-সমিতি—আলোচ্যবর্ষে এই সমিতির চারিটী অধিবেশন হইয়াছিল। পূর্ব্ব বৎসরে মার্টিন-কোম্পানী যে, কতক দোতালা কতক একতালা গৃহের নক্সা দিয়াছিলেন, পরিষৎ আপাততঃ তাহাই গ্রহণ করিয়াছেন। ইহাতে দোতালার সম্মুখ-ভাগে একটী টানা লম্বা ঘর হইবে, তাহাতে পুস্তকালয় হইবে এবং একতালায় সম্মুখের দ্বারের দুইপার্শ্বে দুইটী ঘর হইবে, মধ্যস্থানে একটু বারাণ্ডার ন্যায় (Vestibule) থাকিবে এবং তাহার পর ৫৩ × ৩৯ ফুট একটি হল হইবে। ইহাতে ৫ শত লোক ধরিবে। ইহা নির্ম্মাণার্থ মার্টিন কোম্পানী ভার লইয়া যে এষ্টিমেট দিয়াছেন, তর্কবিতর্ক দ্বারা যথাসম্ভব তাহা হইতে খরচ কম করিয়া নক্সা মিউনিসিপ্যালিটিতে অনুমোদনার্থ পাঠান হইয়াছিল। মিউনিসিপ্যালিটি উহা মঞ্জুর করিয়া পাঠাইয়া দিয়াছেন। এক্ষণে পরিষৎ শীঘ্রই ভিত্তিস্থাপনের ব্যবস্থা করিবেন এবং আশা করা যায়, বর্ত্তমান ১৩১৩ সালেই পরিষৎ নূতন গৃহে প্রবেশ করিবেন।

স্মৃতিচিহ্নাদি,—আলোচ্যবর্ষে ৭ই মাঘ তারিখে সভাপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় ৺রজনীকান্ত গুপ্ত মহাশয়ের স্মৃতিচিহ্ন স্বরূপ শ্রীযুক্ত উপেন্দ্রনাথ চট্টোপাধ্যায় অঙ্কিত তৈলচিত্র পরিষদ্‌গৃহে প্রতিষ্ঠিত করিয়াছেন। ঐ দিন শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় 'সাহিত্যে রজনীকান্ত গুপ্তের স্থান' নামক ক্ষুদ্র প্রবন্ধ পাঠ করিয়াছিলেন।

পরিষৎ-পুস্তকালয়—এই পুস্তকালয়ের ১৩১১ সালের শেষে ৩৩২২ খানি পুস্তক ও ৩৭৬ খানি পুথি ছিল। আলোচ্যবর্ষে পুস্তকের সংখ্যা মোট ৩৭৮৯ এবং পুঁথির সংখ্যা মোট ৪৬৫ হইয়াছে। ইহার মধ্যে আলোচ্যবর্ষে ১১৯ খানি পুস্তক ক্রীত ও ২৪৬ খানি পুস্তক উপহারে পাওয়া গিয়াছে। অবশিষ্ট ৪৭ খানি পুস্তক বর্ষশেষে মাসিক পত্রিকাদির খণ্ড শেষ হওয়ায় একত্র বাঁধাইয়া লওয়া হইয়াছে। পরিষদে এই বৎসরে বাঙ্গালা পুস্তক ২৮৭১ খানি, সংস্কৃত পুস্তক ২৪১ খানি, ইংরাজী পুস্তক ৫৩৫ খানি হইয়াছে, অবশিষ্ট বিভিন্ন ভাষায় রচিত। পূর্ব্বে

পরিষদে সংস্কৃত পুথি ছিল না। এ বৎসর উপহার প্রাপ্ত হওয়ায় মোট বাঙ্গালা পুথি ৪৯ খানি ও সংস্কৃত পুথি ৫০ খানি হইয়াছে।

পাঠাগার—আলোচ্যবর্ষে পাঠাগারে স্বদেশ, হিন্দুস্থান, যুগান্তর, স্বদেশসম্পদ্, বাণী, অঙ্কুর, ইন্দিরা প্রভৃতি কয়েকখানি সাময়িক পত্র নূতন আসিয়াছে। মুসলমান সংবাদপত্র "সুলতান" মধ্যে বন্ধ হইয়া গিয়াছিল, আবার নিয়মিতরূপে প্রকাশিত হইতেছে। 'নবযুগ' সাপ্তাহিক হইতে হঠাৎ দৈনিক হইয়া মাসাবধি চলিয়াছিল, তাহার পর বন্ধ হইয়া গিয়াছে। পাঠাগারে পাঠকের সংখ্যা দিন দিন বাড়িতেছে। পরিষদের কার্য্যালয় প্রাতে ৬টা হইতে ৯টা এবং অপরাহ্ণ ২টা হইতে রাত্রি ৯টা পর্য্যন্ত খোলা থাকে। পাঠাগারও ততক্ষণ খোলা থাকে বলিয়া সংবাদপাঠকগণের এখানে বড়ই সুবিধা হইয়া থাকে।

পুথিসংগ্রহ—পরিষদের সম্পাদক শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের যত্নে এ বৎসর পরিষৎ পুস্তকালয়ে অনেকগুলি প্রাচীন পুথি সংগৃহীত হইয়াছে। হাইকোর্টের ভূতপূর্ব্ব উকীল, পরিষদের ভূতপূর্ব্ব হিতৈষী সদস্য, শান্তিপুরনিবাসী ৺যশোদানন্দ প্রামাণিক মহাশয়ের পত্নী তাঁহার শ্বশুর শান্তিপুররত্ন কবি ৺হরিমোহন প্রামাণিক মহাশয়ের সংগৃহীত সমুদয় সংস্কৃত ও বাঙ্গালা পুথি পরিষদ্‌কে দান করিয়াছেন। তন্মধ্যে অনেকগুলি মূল্যবান্ ও অপ্রকাশিতপূর্ব্ব গ্রন্থ আছে। প্রামাণিক মহাশয়ের পত্নী-প্রদত্ত পুথির সংখ্যা প্রায় একশত। পরিষদের ষষ্ঠ বিশেষ ও ষষ্ঠ মাসিক অধিবেশনে এই গ্রন্থরাশি প্রদর্শিত হইয়াছিল। এতদ্ভিন্ন সেওড়াফুলী নিবাসী শ্রীযুক্ত গিরিশচন্দ্র ঘোষ মহাশয় তাঁহার বাড়ী হইতে একরাশি পুথি পরিষৎকে দান করিয়াছেন। উহার মধ্যে নব্য ন্যায়শাস্ত্রের অনেকগুলি মূল্যবান্ গ্রন্থ আছে। এই পুথিগুলি সম্পাদকের হস্তে আছে। তিনি গ্রন্থগুলির একটা বিবরণ প্রস্তুত করিতেছেন।

প্রাচীন পুস্তকসংগ্রহ—পুথির ন্যায় পরিষৎ পুস্তকালয়ে সে কালের মুদ্রিত অপ্রাপ্য দুষ্প্রাপ্য অনেক ছাপা পুস্তকও সংগৃহীত হয়। এ পর্য্যন্ত পরিষৎ পুস্তকালয়ে এরূপ দুষ্প্রাপ্য-গ্রন্থের সংখ্যা ২৬৮ হইয়াছে। গত বৎসরও পরিষৎ যে সকল গ্রন্থ ক্রয় করিয়াছেন, তাহার মধ্যেও কতকগুলি ঐরূপ মূল্যবান্ গ্রন্থ ছিল। এতদ্ভিন্ন পরিষদের অন্যতম সহকারী সভাপতি শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় আদি ব্রাহ্মসমাজ লাইব্রেরী হইতে অনেকগুলি পুরাতন পুস্তক পুস্তিকা ও পত্রিকা পরিষৎকে দান করিয়াছেন। এই গ্রন্থরাশিও সম্পাদক মহাশয়ের হস্তে আছে, তিনি ইহাদেরও একটা বিবরণ প্রস্তুত করিতেছেন। এই সকল পুথি ও পুস্তক যাঁহারা দান করিয়াছেন, পরিষৎ তাঁহাদের নিকট চিরকৃতজ্ঞ রহিলেন। শান্তিপুরের পুথিসংগ্রহে সম্পাদক তাঁহার ছাত্র সুধাময় প্রামাণিকের নিকট যথেষ্ট সাহায্য পাইয়াছেন, তজ্জন্য তিনিও পরিষদের ধন্যবাদার্হ।

বঙ্গবিভাগে স্বদেশী আন্দোলন ও বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ—রাজনীতির আলোচনা পরিষদের অধিকার-বহির্ভূত হইলেও পরিষৎ বঙ্গবিভাগের ন্যায় জাতীয় বিপৎপাতে একবারে নিশ্চেষ্টভাব অবলম্বন করিতে পারেন নাই। ১৩১১ সালে যখন বঙ্গবিভাগের প্রস্তাব প্রথম উঠে, তখন পরিষৎ উহার প্রতিবাদ জন্য ষ্টার থিয়েটারে প্রকাশ্য সভা আহ্বান করিয়া-

ছিলেন এবং ঐ সভায় গৃহীত প্রস্তাব গবর্মেণ্টের নিকট পাঠাইয়াছিলেন। বঙ্গভাষার ও বঙ্গসাহিত্যের উন্নতির ও পুষ্টির ব্যাঘাত ঘটিবে ইহা নিশ্চিত জানিয়াই পরিষৎ এই রাজনীতির দ্বন্দ্বে মতপ্রকাশ কর্ত্তব্য বোধ করিয়াছিলেন। গত বৎসর বঙ্গবিভাগ সম্বন্ধে ভারতগবর্মেণ্টের রেজোলিউশান বাহির হওয়ার পর, পরিষৎ উহার প্রতিবাদের আয়োজন করিতেছিলেন, এমন সময়ে ২রা সেপ্টেম্বর তারিখের ঘোষণাপত্র সহসা বঙ্গের উপর নিক্ষিপ্ত হইল। তৎপরদিন পরিষদের মাসিক অধিবেশন নির্দ্দিষ্ট ছিল। সে দিনের সভাপতি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের প্রস্তাবে সেই অধিবেশন স্থগিত হয়। উপস্থিত সভ্যগণ নীরবে দণ্ডায়মান হইয়া ঐ প্রস্তাব অনুমোদন করেন। ১৬ অক্টোবর (১৯০৫) ৩০ আশ্বিন (১৩১২) তারিখে রাখী সংক্রান্তির দিবসে পরিষদের গৃহের উপর "বন্দে মাতরম্" শব্দাঙ্কিত ধ্বজা আরোপণ করিয়া, সে দিনের বাঙ্গালীর গম্ভীর হৃদয়োচ্ছ্বাসের সহিত সমবেদনা প্রকাশ করা হইয়াছিল।

এই সম্পর্কে একটি ঘটনায় পরিষদের নাম ভারতবর্ষে কিছু চাঞ্চল্য উপস্থিত করিয়াছিল। শ্রীযুক্ত সিদ্ধমোহন মিত্র (S. M. Mitra. Esqr, M. R, A, S.) নামক হায়দরাবাদ নিবাসী, ডেকান গেজেট পত্রের সম্পাদক, পরিষদের জনৈক সদস্য কিছুদিন পূর্ব্বে আরবী ও পারসী শব্দ বাঙ্গালা ভাষায় অক্ষরান্তরিত করিবার ভার লইয়াছিলেন। এ বিষয়ে তাঁহার সহিত কিছুদিন হইতে সম্পাদকের পত্র ব্যবহার চলিতেছিল, কিন্তু এ পর্য্যন্ত তিনি কোন কাজ দেখান নাই। সিদ্ধমোহন বাবু গত বৎসর ইংলণ্ডে যান এবং ইউরোপ ও আমেরিকায় যাইবেন এইরূপ প্রকাশ করেন। ঐ পাশ্চাত্য দেশে প্রাচ্যবিদ্যার আলোচনার জন্য যে সকল সমাজ আছে, ঐ সকল সমাজের সহিত বিশেষতঃ লণ্ডনের রয়াল এসিয়াটিক সোসাইটির সহিত পরিষদের সম্পর্ক স্থাপনে তিনি সাহায্য করিতে পারিবেন এবং তাহা করিতে ইচ্ছুক আছেন জানিয়া তাঁহার ইচ্ছাক্রমে ঐ সম্পর্কস্থাপনের জন্য ইউরোপে ও আমেরিকায় তাঁহাকে পরিষদের প্রতিভূ নিয়োগ করিবার প্রস্তাব হয় এবং কার্য্যনির্ব্বাহক সমিতি ১৩১২ সালের ৪র্থ অধিবেশনে তাঁহার নামে প্রতিভূনিয়োগ-পত্র ও তৎসহ পরিষদের প্রকাশিত পত্রিকা ও গ্রন্থাবলীর দুই সেট পাঠাইবার জন্য আদেশ করেন। ঐ পুস্তক রয়াল এসিয়াটিক সোসাইটি ও অন্যত্র উপহার দিবার কথা হয়। পুস্তক বাঁধাইতে বিলম্ব ঘটায় নিয়োগ-পত্র প্রেরণও স্থগিত ছিল; ইহার মধ্যে মিত্র মহাশয় লণ্ডনের টাইমস্ পত্রে বঙ্গবিভাগ সম্বন্ধে এক পত্র লিখিয়া ফেলেন। তাহাতে তিনি বঙ্গবিভাগের অনুকূল মত প্রকাশ করেন এবং বঙ্গবিভাগে বঙ্গভাষা বা বঙ্গসাহিত্যের কোন হানি হইবে না এই মত দৃঢ়ভাবে জ্ঞাপন করেন। তাঁহার এইরূপ স্বাধীন মতপ্রকাশে কাহারও কিছু বক্তব্য ছিল না; কিন্তু ঐ পত্রে তিনি আপনাকে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের মুখপাত্র ও নির্ব্বাচিত প্রতিনিধিরূপে প্রচার করেন এবং তাঁহার প্রকাশিত মতই যে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের মত এবং বাঙ্গলার সাহিত্যসেবী পণ্ডিতগণের মত এইরূপ আভাসেরও ত্রুটি ঐ পত্রে ছিল না। টাইমস্ ঐ পত্র অবলম্বন করিয়া বঙ্গবিভাগের পক্ষে অনেক কথা বলেন। ইংলণ্ডে ও এদেশের সংবাদ পত্রাদিতেও ঐ ঘটনা লইয়া আলোচনা-আন্দোলন উপস্থিত হয়। বলাবাহুল্য, তখনও পর্য্যন্ত মিত্র

মহাশয় প্রতিভূস্বে নিয়োগ পত্র পান নাই। তবে পরিষৎ তাঁহাকে এইরূপ নিয়োগপত্র দিয়া তাঁহার সাহায্য গ্রহণে সুখী হইবেন, এইরূপ পত্রব্যবহার হইয়াছিল। তদ্ভিন্ন তিনি প্রতিনিধিরূপে নির্ব্বাচিত হইলেও বঙ্গবিভাগ সম্বন্ধে পরিষদের মতামত প্রকাশে তাঁহার কোন অধিকার ছিল না। সিদ্ধমোহন বাবুর ঐ পত্র প্রকাশের পর কার্য্যনির্ব্বাহকসমিতি ষষ্ঠ অধিবেশনে তাঁহাকে প্রতিভূনিয়োগ-পত্র-প্রেরণ বন্ধ রাখিতে আদেশ দিতে বাধ্য হন ও টাইম্‌স্‌ পত্রে টেলিগ্রাম ও পত্রদ্বারা তাঁহার মতের প্রতিবাদ করেন। টাইম্‌সে ঐ প্রতিবাদ প্রকাশ হইয়াছে। নিম্নলিখিত টেলিগ্রাম প্রেরণ স্থির হয়—*Sahitya Parishad* absolutely repudiates S. M. Mitra's claim to represent it and his views on partition which *Parishad* disapproved formally and publicly—কিন্তু এই মন্তব্য গৃহীত হইবার পূর্ব্বেই পরিষদের কোন গণ্যমান্য সম্ভ্রান্ত হিতৈষী ব্যক্তির পরামর্শে এই মর্ম্মে পরিষদের সম্পাদক মহাশয় অন্য একটি টেলিগ্রাম রয়টারের দ্বারা পাঠাইয়া দিয়াছিলেন, তাহাই টাইমসে প্রকাশিত হইয়াছিল। সিদ্ধমোহন মিত্র মহাশয় ঐ প্রতিবাদ পত্র প্রকাশিত হইলে পুনরায় যে পত্র প্রকাশ করেন, তাহাতে তাঁহার ঐ প্রকার মতপ্রকাশে কোন অধিকার ছিল না, তাহাও স্বীকার করিয়াছেন; কিন্তু দুঃখের বিষয় যে তৎপরেও তিনি পত্র ও পুস্তিকাদির সাহায্যে বঙ্গবিভাগ সমর্থন করিয়া আসিতেছেন এবং তৎসম্পর্কে সাহিত্য-পরিষদের সহিত আপনার সম্পর্ক বিজ্ঞাপন করিয়া আত্ম-গৌরব খ্যাপন করিতে ভুলেন নাই।

বরিশাল-সাহিত্য-সম্মিলন,—জাতীয় ভাষা ও সাহিত্য জাতীয় ঐক্যবন্ধন রক্ষার সর্ব্বোৎকৃষ্ট উপায়। বঙ্গবিভাগের পর এই কথাটা অনেকের মনে স্পষ্ট ভাবে উঠিয়াছিল। এই বন্ধন দৃঢ় করিবার জন্য বর্ষে বর্ষে বঙ্গের ভিন্ন ভিন্ন নগরে সাহিত্য সম্মিলনের ব্যবস্থা করিয়া সাহিত্য-সেবীদিগের মিলন-সাধন এবং বাঙ্গালার প্রাদেশিক ভাষা, সাহিত্য, ভূগোল, ইতিহাস ও বিবিধতত্ত্বের আলোচনা চলিতে পারে। স্বদেশী আন্দোলনের আরম্ভে গত ভাদ্র মাসে টাউনহলে পরিষদের সহকারী সভাপতি শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় "অবস্থা ও ব্যবস্থা" নামক এক প্রবন্ধ পাঠ করেন। ঐ প্রবন্ধে তিনি ঐ প্রস্তাব সাধারণের সম্মুখে উপস্থিত করিয়া সাহিত্য-পরিষৎকে ঐরূপ বার্ষিক সম্মিলনের আয়োজন করিতে অনুরোধ করেন। প্রস্তাবকর্ত্তার সহিত কথাবার্ত্তায় বুঝা গিয়াছিল যে বিলাতের British Association for the Advancement of Science তাঁহার প্রস্তাবের আদর্শ ছিল। ঐ সমাজ কেবল বিজ্ঞানশাস্ত্র আলোচনা করেন; পরিষৎ এই উপলক্ষে বঙ্গের যাবতীয় জ্ঞাতব্য তথ্যের আলোচনা করিবেন এই মাত্র প্রভেদ ছিল। তৎপরে এই প্রস্তাব পরিষদে আলোচিত হয় ও কর্ম্মের গুরুত্ব বিবেচনায় পরিষৎ এ বিষয়ে সাবধানে অগ্রসর হইতেছিলেন।

বৎসরের শেষভাগে রঙ্গপুরের শাখা পরিষদের সংস্থাপক ও সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী মহাশয় শাখাসভার বার্ষিক অধিবেশন উপলক্ষে পরিষৎকে নিমন্ত্রণ করেন ও বাঙ্গালার অন্যান্য সাহিত্যসভাকে ও সাহিত্যসেবীদিগকেও নিমন্ত্রণ করিতে প্রস্তুত আছেন, এইরূপ ইচ্ছা প্রকাশ

করেন। এই সুযোগে রবীন্দ্রবাবুর প্রস্তাব কার্য্যে পরিণত হইবে বুঝিয়া পরিষৎ কর্ত্তব্যনিরূপণের পরামর্শ করিতেছিলেন, এমন সময়ে বরিশাল-নিবাসী লাখুটিয়ার জমীদার, সাহিত্যসেবী শ্রীযুক্ত দেবকুমার রায়চৌধুরী বরিশালবাসীর পক্ষ হইতে সাহিত্য-পরিষৎকে সাহিত্য-সম্মিলনে উপস্থিত হইবার জন্য নিমন্ত্রণ করিয়া পাঠাইলেন। ১লা ও ২রা বৈশাখ (১৩১৩) বরিশালে বঙ্গের প্রাদেশিকসমিতি (Bengal Provincial Conference) বসিবার কথা ছিল। ঐ উপলক্ষে বঙ্গের বিভিন্ন স্থান হইতে যে সকল প্রতিনিধি রাজনীতি আলোচনার জন্য উপস্থিত হইবেন, তাঁহাদের মধ্যে অনেকেই এই সাহিত্য-সম্মিলনে যোগ দিবেন এইরূপ সম্ভাবনা ছিল। এই সুযোগ বুঝিয়া ঐ সময়েই বরিশালবাসীরা সাহিত্য-সম্মিলন প্রস্তাব করেন ও অভ্যর্থনাসমিতির সম্পাদক দেবকুমার বাবু বঙ্গের যাবতীয় সাহিত্যসভা ও প্রধান সাহিত্যসেবীদিগকে ঐ সম্মিলনে উপস্থিতের জন্য নিমন্ত্রণ পাঠান। ৩রা বৈশাখ তারিখে এই সম্মিলনের দিন স্থির হয়। বঙ্গীয়-সাহিত্যপরিষদের অন্যতম সহকারি-সভাপতি শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরকেই সভাপতির আসন দিবার প্রস্তাব হইয়াছিল। এই সাহিত্যসম্মিলনের সহিত রাজনীতির কোন সম্পর্ক থাকিবে না, ইহাও বিজ্ঞাপিত হইয়াছিল।

বরিশালের এই নিমন্ত্রণ পরিষৎ সাদরে গ্রহণ করেন ও রাজনৈতিক প্রাদেশিকসমিতির ক্ষেত্রেই সাহিত্য-সম্মিলনের ব্যবস্থা করিলে বস্তুতই সাহিত্য-সম্মিলন সফল হইবে বুঝিয়া রঙ্গপুর শাখা-সভার প্রস্তাবিত সম্মিলন এ বৎসর স্থগিত রাখা কর্ত্তব্য বোধ করেন। রঙ্গপুরের শাখাসভা ইহাতে কিছু দুঃখিত হইয়াছিলেন; কিন্তু অবস্থা বুঝিয়া ও মূলসভার বিশেষ অনুরোধে বরিশালের সম্মিলনে যোগ দেওয়াই কর্ত্তব্য স্থির করেন। এদিকে সাহিত্য-সম্মিলন সফল করিবার জন্য পরিষদের প্রত্যেক সদস্যকে ও হিতৈষীকে বরিশালে যাইবার জন্য অনুরোধ করিয়া পত্র লেখেন। যাঁহারা যাইবেন বলিয়া সম্মতিজ্ঞাপন করিয়া পত্র লেখেন, তাঁহাদিগকেই পরিষদের প্রতিনিধি নির্ব্বাচিত করা হয়। এইরূপে ৪৫ জন প্রতিনিধি নির্ব্বাচিত হইয়াছিলেন। রঙ্গপুর শাখাসভা ও ভাগলপুর শাখাসভাও স্বতন্ত্র প্রতিনিধি নির্ব্বাচন করিয়াছিলেন। তৎপরে যাহা ঘটিয়াছে, তাহা ঐতিহাসিক ঘটনা হইয়া দাঁড়াইয়াছে। পরিষদের প্রতিনিধিবর্গের অনেকেই কলিকাতা ও মফস্বল হইতে যথাসময়ে বরিশালে উপস্থিত হইয়াছিলেন এবং বরিশালবাসীরা পরম সম্মানসহকারে ও সমাদরে তাঁহাদিগকে অভ্যর্থনা করিয়াছিলেন। এই অভ্যর্থনার জন্য পরিষৎ বরিশালের অভ্যর্থনা-সমিতির নিকট, বিশেষতঃ সম্পাদক দেবকুমার বাবু ও যুবক স্বেচ্ছাসেবক (Volunteers)-গণের নিকট কৃতজ্ঞতাপ্রকাশ করিতেছেন। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত মতিলাল ঘোষ, শ্রীযুক্ত ললিতমোহন ঘোষাল, শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী, শ্রীযুক্ত অমূল্যচরণ ঘোষ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত সতীশ্রসেবক নন্দী প্রভৃতি সভ্যগণ ও মফঃস্বলের বহু সভ্য বরিশালে উপস্থিত হইয়াছিলেন। ১লা বৈশাখ তারিখে প্রাদেশিকসমিতির সভ্যগণ পুলিশের হস্তে নিগৃহীত হন এবং ২রা বৈশাখ ম্যাজিষ্ট্রেটের আদেশে

পুলিশকর্ত্তৃক প্রাদেশিকসমিতির অধিবেশন ভাঙ্গিয়া দেওয়া হয়। যে মণ্ডপে প্রাদেশিকসমিতি বসিয়াছিল, সেই মণ্ডপেই ৩রা বৈশাখ সাহিত্য-সম্মিলন বসিবে, এইরূপ নির্দ্ধারিত ছিল। ম্যাজিষ্ট্রেটের আদেশ হইল যে, ঐ মণ্ডপে বা বরিশালের অন্যত্র কোন সভা হইতে পারিবে না, যে হেতু ঐ সভাতে "বিনাকারণযুক্ত কার্য্য" ও "গোলমালযুক্ত কার্য্য" ঘটিবার সম্ভাবনা আছে। অন্যান্য কার্য্যের মধ্যে "বন্দে মাতরম্" উচ্চারণ "গোলমালজনক কার্য্যের" মধ্যে গণ্য হইবে, এইরূপ বুঝা গিয়াছিল। "বন্দেমাতরম্" উচ্চারণের সহিত রাজনীতিরই সম্পর্ক আছে, সাহিত্যচর্চ্চার কোন সম্পর্ক নাই, ইহা স্বীকার করিতে কোন সাহিত্য-সেবীই সম্মত হইলেন না। যাহা হউক, ম্যাজিষ্ট্রেট সাহেবের ঐরূপ অস্পষ্ট আদেশের মর্ম্ম ও উদ্দেশ্য বুঝিতে পারা যায় নাই। প্রাদেশিকসমিতির সভ্যগণ রাজপুরুষদিগের হস্তে যেরূপ অবমাননা ও তাড়না লাভ করিয়াছিলেন, সাহিত্য-সম্মিলনের অদৃষ্টে সেরূপ ঘটা অসম্ভব নহে, এই আশঙ্কা যথেষ্ট ছিল। পরম্পরায় শুনা গিয়াছিল, রাজপুরুষেরা স্থানীয় রাজকর্ম্মচারীদিগকে ও রাজকীয় বিদ্যালয়ের ছাত্রদিগকে সাহিত্য-সম্মিলনে উপস্থিত হইতে নিষেধ আজ্ঞা প্রচার করিয়াছেন। ২রা বৈশাখ সন্ধ্যার পর রবীন্দ্র স্থানীয় ও নিমন্ত্রিত সাহিত্য-সেবীদের সহিত পরামর্শ করিলেন। অতঃপর বরিশালে আর সাহিত্যসম্মিলন হওয়া সম্ভবপর নহে—বহু বিবেচনার পর ইহাই স্থির হইল। বরিশালবাসীরা ক্ষুন্নমনে ও ভগ্নহৃদয়ে সমবেত প্রতিনিধিগণকে বিদায় দিতে বাধ্য হইলেন। এইরূপে সাহিত্যসম্মিলনের প্রথম অভিনয়ে সূত্রধার প্রবেশের পূর্ব্বেই যবনিকা পাত ঘটিল। বর্ত্তমান ১৩১৩ সালে সাহিত্যসম্মিলনের আয়োজন কোথাও সাধ্য হইবে কি না, তাহা বরিশালবাসীরা সাহিত্য-পরিষদের হস্তে বিবেচনার ভার দিয়াছেন। পরিষৎ এ বিষয়ে এখনও কোন সিদ্ধান্তে উপনীত হন নাই। (পরিশিষ্ট দেখ)

পরিষদের গৃহ—আলোচ্যবর্ষে পরিষদের বর্ত্তমান কার্য্যালয় পরিষদের অধিবেশনাদি ব্যতীত বান্ধবসম্মিলন, গৌরীবেড়ে পুস্তকালয়, বন্দে মাতরম্ সম্প্রদায় প্রভৃতি রাজনৈতিক সম্পর্কশূন্য সভাসমিতির অধিবেশনাদির জন্য ব্যবহৃত হইয়াছিল। গৌরীবেড়ে পুস্তকালয়ের বার্ষিক অধিবেশন এখানে হয়। এই সভায় শ্রীযুক্ত বিহারীলাল সরকার সভাপতি ও শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল্ "প্রতাপাদিত্যচরিত" গ্রন্থসম্বন্ধে বক্তৃতা করিয়াছিলেন।

ছাত্রসভ্য,—আলোচ্যবর্ষে পরিষদে ৪৫ জন ছাত্রসভ্য কর্ম্মে প্রবৃত্ত হইয়াছিলেন। শ্রীযুক্ত মন্মথনাথ বসু বিএ মহাশয় এই ছাত্রদিগের পরিদর্শকরূপে এই ছাত্রগণকে প্রাদেশিক শব্দসংগ্রহ, কিম্বদন্তী সংগ্রহ ও পুস্তক বিশেষের শব্দনির্ঘণ্ট সঙ্কলনে নিযুক্ত করিয়াছিলেন এবং মধ্যে মধ্যে এই সকল ছাত্রগণকে আহ্বান করিয়া তাহাদিগকে উপদেশাদি দিয়াছিলেন। যে সকল ছাত্র কার্য্যের ভার পাইয়াছিলেন, তাঁহাদের অনেকেই স্বদেশী আন্দোলনের উন্মত্ততায় কিছু কাজ করিয়া উঠিতে পারেন নাই। শ্রীযুক্ত হৃষীকেশ মিত্র প্রভৃতি দুই চারিজনে স্ব স্ব নির্দ্দিষ্ট কার্য্যে অনেকটা পরিশ্রম করিয়াছেন। আশা করা যায়, বর্ত্তমান ১৩১৩ সালে নূতন পরিদর্শক মহাশয়ের যত্নে ছাত্রগণ দ্বারা অধিকতর কার্য্য সংসাধিত হইবে।

"ক" পরিশিষ্ট

উপহৃত পুস্তক ও উপহারদাতৃগণের নাম

শ্রীরমেশচন্দ্র বসু—সংস্কৃত প্রস্তাব, বামনাখ্যানম্, কামিনীগোপন ও যামিনীযাপন। The Third Hare Anniversary Meeting, Babu Ankhoy Coomar Dutt's Bengali Literature. A Legend of the Sovabazar Sen Family.

শ্রীজ্ঞানেন্দ্রনাথ ঘোষ—ব্যাকরণপরিচয়।

শ্রীননীলাল বন্দ্যোপাধ্যায়—রুদ্রসেন, শৈলবালা।

শ্রীদেবকুমার রায়চৌধুরী—প্রভাতী।

শ্রীশুদ্ধানন্দ স্বামী—বর্ত্তমান ভারত।

শ্রীছমিরুদ্দিন আহম্মদ—মহম্মদীধর্ম্ম-সোপান-কলেমা ও নমাজ।

শ্রীদীনেশচন্দ্র সেন—দেবীযুদ্ধ, তিনবন্ধু এবং ২৪খানি ভারতী।

শ্রীপ্রসন্নকুমার নাগ—রাজপুতাঙ্গনা কাব্য।

শ্রীখোন্দকার গোলাম আহম্মদ—এসলামের প্রভাব ও ধর্ম্মনীতি।

শ্রীনীলমাধব বন্দ্যোপাধ্যায়—তত্ত্বকুসুম।

শ্রীরামদয়াল মজুমদার—গীতাপরিচয়।

শ্রীকিরণচন্দ্র দত্ত—জীবতত্ত্ব-বিবেক।

শ্রীপ্রমথনাথ বন্দ্যোপাধ্যায়—কথা বনাম কাজ।

শ্রীমহেন্দ্রনাথ তত্ত্বনিধি—বঙ্গদেশ ও বঙ্গমঙ্গল।

শ্রীশিবচন্দ্র শীল—সিদ্ধান্তচন্দ্রোদয়।

শ্রীতুলসীদাস ভাদুড়ী—সোণার ভারত।

শ্রীমেঘনাথ ভট্টাচার্য্য—ভারতবর্ষের সংক্ষিপ্ত ইতিহাস (দেবনাগরী), ঐ (উর্দ্দু), সত্যনারায়ণ-ব্রতকথা।

শ্রীকরুণানিধান বন্দ্যোপাধ্যায়—বঙ্গমঙ্গল।

শ্রীঅতুলচন্দ্র মিত্র—মহাব্রত।

শ্রীপঞ্চানন সাহিত্যাচার্য্য—পর্ব্বপ্রভাকর।

শ্রীবিজয়চন্দ্র মজুমদার—কথানিবন্ধ, যজ্ঞভস্ম, ফুলশর।

শ্রীফকিরচন্দ্র চট্টোপাধ্যায়—সুধা।

মহামহোপাধ্যায় যাদবেশ্বর তর্করত্ন—দ্রৌপদী।

শ্রীচারুচন্দ্র রায়—আকেল গুড়ুম।

শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী—ধর্ম্মপদ, মহাপুরুষচরিত, যমজভগিনী কাব্য বা সিরাজ-উদ্দৌলা উপন্যাস, জ্ঞানযোগ, সঙ্গীত গৌরীশ্বর (খণ্ডিত), চমৎকারচন্দ্রিকা, লালা বাবু, শিক্ষাসঙ্কট, রসায়নপরিচয়, বীণা, সদ্ধিক্ষণ, ভক্তিসাধন, ভূত ও শক্তি, বিজ্ঞানপাঠ, গীতগোবিন্দ, মানবতত্ত্ব, বেদসংহিতা, ভাস্করানন্দচরিত, পৌরাণিক কথা, অবধূত-গীতা, ধর্ম্মের জয়, জিজ্ঞাসা এবং কতকগুলি মাসিক পত্রিকা।

A full report of the Public meeting on the Education Question (1870); (2) Proceedings of a meeting of C. M. C. about Burning Ghat Question, by Ramgopal Ghosh 1864; (3) Petition of B. I Association regarding Act V of 1840 (1854) 4. A full report of the Public meeting regarding the Educational and Road cess Question (1868). 5. A full report of the Public meeting in honour of late Babu Ramgopal Ghosh (1868), 6. A full report of the Pablic meeting in honour of late Sir Raja Radha Kanta Deb Bahadur 1867. 7. A full report of the meeting in honour of Sir J. P. Grant L. G. 1862. 8. A full report of the meeting in honour of Earl Canning (1862). 9. Report of the Convocation of Senate (1905) Lord Curzon's Speech 10. Returns relating to publications of Bengalee Language in 1857 by Rev. J. Long (1859) 11. Noakhali case. 12. Indian Congressmen. 13. Report of the Committee appointed by the Senate on the 17th October 1901. 14 Model selections from English literature.

শ্রীব্যোমকেশ মুস্তফী—সর্ব্বনাশী, লম্পটপুরাণ, The Araishi-i-Mahfil.

শ্রীসুবোধচন্দ্র রায়—দুর্গালীলাতরঙ্গিণী।

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত—বিজয়িনীকাব্যম্, অমৃতসাগর, প্রজ্ঞাপারমিতা, পত্রিকা দর্শন-বিভ্রাট সংশোধিত, গীতায় ঈশ্বরবাদ, মহাব্রত, বেদান্তবিষয়ক প্রবন্ধ, স্বদেশিনী, উপদেশ, পঞ্চাঙ্গ প্রভাকর, বসন্তলতিকা, স্বদেশী আন্দোলনে ছাত্রগণের কর্ত্তব্য, কলকত্তেকে শ্বেতাম্বরী জৈন সম্প্রদায়কে শ্রীমন্দিরজীকে হিসাবকা চিট্ঠা, শ্বেতাম্বরী জৈন সম্প্রদায়কে মন্দিরকা মুকদ্দমা। স্বদেশ রেণু, মায়ের বিধান, লাট কর্জ্জন এবং কতকগুলি মাসিক পত্রিকা।

Theosophy. The fifth annual Report of the Ramkrishna Home Service, Sanskrit in our Schools, A Hand book of Deductive Logic, Mandukopanishad.

শ্রীক্ষিতীশচন্দ্র চক্রবর্ত্তী—রামবনবাস, কবিকঙ্কণচণ্ডী, পাতঞ্জল দর্শন ও মণিরত্নমালা, বাগবাজারের ৺মদনমোহন জীউর নিগূঢ় তত্ত্ব, দেশীয় জরীপ, পাশ্চাত্য-চিকিৎসা বিজ্ঞান।

শ্রীনারায়ণ দাস তপস্বী—ভাবোচ্ছ্বাস।

বি, এল্, দে—Pearychand Mittra.

শ্রীরায় যতীন্দ্রনাথ চৌধুরী—বঙ্গস্বাধীনতা।

শ্রীশ্যামাচরণ গঙ্গোপাধ্যায়—Bengali spoken and written.

৺যোগেন্দ্রচন্দ্র বসু—প্রবোধচন্দ্রিকা, পুরুষপরীক্ষা, কৌতুকবিলাস, শ্রীভক্তিরত্নাবলী, Student's History of Bengal, বঙ্গভাষার লেখক (১ম ভাগ), পুরাতন পঞ্জিকা (২য় খণ্ড), পুরাতন পঞ্জিকার পরিশিষ্ট, চিনিবাস চরিতামৃত, মডেলভগিনী, বাঙ্গালীচরিত, খিল হরিবংশ, তুলসীদাসী রামায়ণ, কূর্মপুরাণ, অদ্ভুত রামায়ণ।

শ্রীমণিমোহন সেন—রামদাসগ্রন্থাবলী ১ম ভাগ।

শ্রীকামিনীনাথ রায়—বাসনাঞ্জলি।

শ্রীগিরীশচন্দ্র বসু—কৃষি গেজেট ১ম বর্ষ।

